Under this head are grouped together a number of rules which cannot appropriately be placed under any of the cases, because in some instances one case is used, in others another. Some of these rules, too, refer more to the use of the verb than the noun

i. As a general rule postpositions require the genitive, but certain ideas may be expressed either by a genitive with a postposition or by some other case without a postposition, as

মাটীতে রাখ (coll.) or
মাটীর উপর রাখ } Put (it) on the ground

আমার এক খান ঘুড়ি তোমাদের ছাতে or ছাতের উপর পড়িয়াছে My kite has fallen on your roof (lit of me one piece kite etc.)

Thus, union or disunion may be expressed either by the genitive followed by সহিত, সঙ্গে, or some postposition of similar meaning, or by putting both the objects united in the locative, as

আমার সহিত উহার মিল ছিল or
আমাতে উহাতে মিল ছিল } Between me and him there was friendship

If the nouns are in the plural, then the genitive with মধ্যে is used, as

আমাদের ও উহাদের মধ্যে এখন বিরোধ যাইতেছে Between us and them at present a quarrel is going on

When the absence of any difference is implied then the locative is used; as

হরিতে ও হরতে কিছু ভেদ নাই There is no difference between Hari and Hara

When comparison is made between two persons or objects, the first object is in the nominative or whatever other case may be required by the construction of the sentence, and the second is in the genitive followed by সঙ্গে or simply in the genitive followed by the word denoting comparison or equality, thus

অন্য কবি কালিদাসের সঙ্গে তুল্য হইতে পারে না No other poet can be equal to, or compared with, Kālidās, or

অন্য কবি কালিদাসের তুল্য হইতে পারে না

But when such equality is denied, both nouns are put in the locative, as

ইহাতে উহাতে সমান নাই Between this one and that one there is no resemblance, or equality. (Vulgo এতে ওতে সমান নয়।)

So also with exchange the locative is used, though colloquially also the genitive with the postposition, as

তোমার ঘড়িতে আমার ঘড়িতে বদল কর or

তোমার ঘড়ি আমার ঘড়ির সঙ্গে বদল কর Exchange your watch for mine

ii. Some illustrations of the use of the verbal nouns were given at p 51, par xvi The following further rules should be noted

The verbal noun in আ or ওয়া is used to all intents and purposes as a substantive, to imply the act of doing or being, followed by the verbs হওন, আছি, or থাকন, as

আসা যাওয়া না থাকিলে প্রণয় থাকে না Without intercourse there can be no friendship (lit coming and going not having been, friendship does not remain)

তোমার এমন কথাটা বলা উচিত হয় নাই It is not proper for you to say such a thing (lit of you such a word the speaking proper is not).

সে খানে যেই যাওয়া সেই আসা, থাকা হইবে না You must go there and come away at once, you will not stop (lit there what is going, that is coming, stopping there will not be)

তোমার লেখা দেখিতে চাই I wish to see your writing

It is used also in the genitive and locative; as

তাহার যাওয়ার কথা শুনিয়া দুঃখিত হইয়াছি On hearing of his going I was sorry.

সে খানে যাওয়াতে কোন দোষ নাই There is no harm in going there

আমার এই কথা বলাতে তিনি রাগিয়া উঠিলেন On my saying that word he rose up in wrath

The use of the verbal noun in ন or ণ is so rare that it is not necessary to give any examples That of ইবা is similar to আ or ওয়া.

iii Nouns in apposition are of course put in the same case, as গঙ্গা নদী 'the river Ganges,' আম্র ফল 'a mango fruit,' but when two or three nouns in apposition are put in the genitive or any other case, the case termination is added only to the last of them, as

গঙ্গা নদীর তীরে On the banks of the Ganges

দায়ভাগলেখক জীমূতবাহনের ব্যবস্থা সকারণ The decisions of Jīmūtavāhana the author of the Dāyabhāga are important.

ভারতচন্দ্র রায় গুণাকরে অনেক গুণ ছিল In Bhāratchandra Rāy (surnamed) the Mine of Virtues there was much merit.

These are in the high literary style, but the rule applies also to the ordinary colloquial style, as

ডাকটর বাবুকে ডাক Call the Doctor Bābu.

কারিকর মোহনের ঠাকুরবাড়ী ভাল Mohan the architect's temple is good.

ছুতোর মিস্তরী কালার কায মন্দ নহে Kālā carpenter's work is not bad.

iv It has already been stated on p 25 that the adjective is

invariable, and does not change for gender, number, or case Theoretically, however, the adjective in this, as in most languages, does agree with its substantive, and in consequence when a Sanskrit adjective is used, some writers make it change according to the gender of the substantive This refinement may as a general rule be neglected by the student, but as he will sometimes find Sanskrit feminines used, the following brief note may be useful

Sanskrit adjectives ending in ইন্ make the masculine in ঈ and the feminine in ইনী, thus জ্ঞানী পুরুষ 'a learned man,' জ্ঞানিনী স্ত্রী 'a learned woman'

Adjectives ending in বৎ and মৎ make the masculine in বান and মান and the feminine in বতী and মতী respectively; as রূপবান মনুষ্য 'a beautiful man,' রূপবতী স্ত্রী 'a beautiful woman,' শ্রীমান রাজা 'a fortunate king,' শ্রীমতী রাণী 'a fortunate queen'

শ্রীমতী is commonly used as a title by ladies of rank, and even as a mere prefix to names of females of all kinds It corresponds almost to the English 'Mrs' In legal documents this title will often be found written শ্রীমত্যা, which is really the Sanskrit genitive This custom arises from the habit, common in former times, of signing one's name to a document in the Sanskrit genitive The whole signature was, in fact, a Sanskrit sentence beginning with the words পত্রম্ ইদম্ 'this (is the) writing' of so-and-so Thus also দেবী, the title of Brahman ladies, and দাসী, that of ladies of other castes, are often written দেব্যা and দাস্যা respectively

v When two or more nouns are connected together by a conjunctive conjunction, such as 'and,' 'also,' the verb is put in the plural, as

রাম, শ্যাম ও কৃষ্ণ বারাণসী গমন করিয়াছেন Rām, Shyām, and Krishna have gone to Benares.

But if connected by a disjunctive, as 'or,' 'either,' the verb is in the singular, as

রাম কিম্বা শ্যাম যিনি আসিবে তাহাকে লইয়া আসিবে Rām or Shyām, whichever of them comes, bring with you

আমি বা আমার ছেলেই যেই যাবে I or my boy will go

Colloquially, it is more usual in this case to repeat the verb, as

টাকাই থাকুক বা ধান থাকুক নিয়ে আসিবে Be it money or be it rice, bring it.

vi When a verb is governed by several nouns, each of which, though plural in meaning, is singular in form, the verb is in the singular; as

আলু পাটাল বেগুন বাঙ্গালায় জন্মে Potatoes, cucumbers, and brinjals grow in Bengal

But if the nouns are followed by a numeral or a plural pronoun, the verb is in the plural, as

ব্রাহ্মণ ক্ষত্রী বৈদ্য এ তিনি পৈতা ধরেন Brahmans, Kshattris, and Boidyas, these three wear the sacred thread

ইংরাজী বাঙ্গালী কাবুলী আরবী ইহারা সকলেই কলিকত্তায় বাস করেন English, Bengalis, Kabulis, Arabs, all these live in Calcutta

vii. Adjectives, when used as substantives are regularly declined, as

জ্ঞানির সংসর্গে থাকিও Remain in the society of the wise

মাতালকে শ্রদ্ধা হয় A drunken man tells the truth (lit to the drunken belief there is)

But when a pronoun is used adjectivally it cannot be declined unless the particle টি or টা is added, as এটা, genitive এটার, কোনটি, accusative কোনটিকে, etc

§ 24. STRUCTURE OF SENTENCES (পদবিন্যাস).

The order in which words are arranged in a sentence is a matter of much importance, as in this respect the Bengali language differs very widely from English The two leading rules are. (1) the finite

verb is put at the end of a sentence, and (2) every governed word precedes the word which governs it Owing to the operation of these two rules it frequently happens that the order of words in a Bengali sentence is precisely the reverse of English.

i. The order of words in a simple sentence is · subject—object—verb In English it is subject—verb—object, as

রাম শ্যামকে ধরিলেন Rām seized Shyāma

But where a particular word is emphatic, it is put last, as

আগে আমাকে তিনি মারিলেন পরে আমি তাহাকে মারিলাম
First *he* beat me, afterwards I beat him

Here the speaker wishes to draw attention to the fact that he committed the assault under provocation, because the other man beat him first The emphasis is therefore on তিনি, and it is therefore put after আমাকে

তিনি শিখান আমাকে, আমি শিখাই তাঁহাকে He teaches *me*, and I teach *him*

Here the emphasis is on the persons taught, they are therefore put last

আগে বলিলেন তিনি, পরে বলিলাম আমি First *he* spoke, then I spoke

Here attention is drawn to the order in which the persons spoke, the two nominatives which carry the emphasis are put at the end of the respective clauses

In sentences intended to be satirical, jocose, or angry, the verb is often put first, as চল্লেন্ শর্ম্মা 'the great Pandit is going off (in a rage)!' করে বস্লেন এক কীর্ত্তি 'he has done a glorious thing indeed!' said satirically when a man is very proud of having done something which was not successful after all (lit. having done one glory he sat).

ii When an active verb has two objects, one of which is in the accusative and the other in the dative, the dative is put first and the accusative, without termination, next (see § 18, par. iii), as

আমি তাহাকে কিছু বলিতে চাই I wish to say something to him See also the examples in the above-quoted section

iii. A qualifying adjective precedes the substantive which it qualifies, but a descriptive adjective is put last, as **বুদ্ধিমান ব্যক্তি** 'a wise person,' but **এই ব্যক্তি বুদ্ধিমান** 'this person (is) wise In the latter sentence a verb is understood, but rarely expressed When it is expressed it is put last, as

বুদ্ধিমান লোকের নিকট চাকর থাকিলে সেও বুদ্ধিমান হয় From being the servant of clever people, he also is (has become) clever

উমেশ অতি শিষ্ট হয়েন *Umesh is very polite*

Colloquially however, the omission of the verb is more usual, as **তুই বড় দুষ্ট** '*you are very wicked*,' **সে নির্লজ্জ** 'he (is) shameless' When the verb understood is **আছি** the adjective may either precede or follow, but the construction with the adjective preceding is more *literary than colloquial*, as

রাজা দশরথের চারি পুত্র ছিলন, তন্মধ্যে জ্যেষ্ঠ রাম, মধ্যম ভরত, তৃতীয় লক্ষ্মণ, কনিষ্ঠ শত্রুঘ্ন King Daśaratha had four sons, of these the eldest was Rāma, the next Bharata, the third Lakshmana, the youngest Śatrughna

Here it would be equally correct to say **রাম জ্যেষ্ঠ** etc.

iv. The governed word precedes the word which governs it, *thus, not only does the genitive precede the governing word* (§ 21, par 1), but the object of an active verb precedes the verb, an adverb of time or place precedes the verb and takes the first place in the sentence or clause, except when it governs a noun, in which case the noun goes first The result of these rules is, that a Bengali sentence has often to be read into English backwards. Instances of the genitive preceding have been given above, and will be found frequently throughout this work. The following are instances of the location of the adverb

কালক্রমে বানুও পণ্ডিত হইবেন In time even Bānu will become a learned man (Bānu is a rustic lout)

এই গ্রামের প্রান্তভাগে এক মন্দির ছিল, তাহাতে এক যোগী তপস্যা করিতেন, এক্ষণে সে মন্দির নষ্ট ও সে যোগী অদৃষ্ট হইয়াছেন *On the outskirts* of this village there was a temple, *there* a Jogi used to perform penance, *now* that temple is destroyed and the Jogi has disappeared

The words in italics are adverbs, and take the first place in their respective clauses, except the first, which is preceded by the word 'village,' which it qualifies

The two following passages, in high literary style, will illustrate the arrangement of words in a sentence, with reference to all the foregoing rules It will be observed that they are composed almost entirely of Sanskrit words with only just so much Bengali as is necessary to bind them together. Nine-tenths of these grand words would be utterly unintelligible to the masses

কনিষ্ঠ যুবারাজ আপন বৃদ্ধ পিতাকে অত্যন্ত অপমানপূর্ব্বক দৃঢ় নিগাড় বদ্ধ ও মহা ঘোর কারাগারে রুদ্ধ করিয়া বলে রাজ্যাধিকার ও সিংহাসনারোহন করিয়াছেন।

Literally

The youngest prince (his) own old father excessive disgrace-preceded strong fetters-in bound, and very dreadful prison-in confined having-made, force-by kingdom-power and throne-ascending made.

In ordinary English this would run thus

The youngest prince having bound his aged father in fetters in a most disgraceful manner (or, with every mark of disgrace), confined him in a dreadful prison, and by force took possession of the kingdom, and ascended the throne

এক দিবস তাঁহারা দুই বন্ধুতে ভ্রমণার্থ নির্গমন কালীন অনতিদূরস্থ এক কাত্যায়নীর মন্দিরে শ্রবণমনোহর বীণাশব্দ শ্রবণ

করিয়া কৌতুকাবিষ্ট চিত্তে সত্বরে তথায় উপস্থিত হইয়া দেখিলেন এক পরম সুন্দরী কন্যা বীণানুগত স্তুতিগর্ভ গীত দ্বারা ভগবতী কাত্যায়নীর আরাধনা করিতেছেন।

One day they two friends for the sake of walking going-forth time *not-very-far-standing one* Kātyāyanī-*of temple-in hearing-pleasant* flute-sound hearing having made, curiosity-possessed mind-with there quickly present having been, saw a very beautiful maiden flute-accompanied praise-containing song-by goddess Kātyāyanī-of worship is making

Or in ordinary English

One day the two friends when they went out for a walk heard the sweet sounds of a flute from a temple of Kātyāyanī close by. Urged by curiosity they quickly went there, and saw a very beautiful *maiden worshipping the* goddess Kātyāyanī with a song of praise to the accompaniment of a flute

Many examples of this kind of long involved sentence will be found in the extracts from official papers contained in this work. The best modern writers, however, now avoid these cumbrous constructions, and write in short sentences

v. The relative and correlative pronouns and adverbs correspond to one another in the first and second clauses of a sentence Where the first clause opens with any of the relatives whose type is য (see pp. 35, 59), the second clause must open with the corresponding relative whose type is স or ত Thus to যিনি answers তিনি, to যে answers সে, and so on, as

যিনি জীবন দিয়াছেন তিনি আহার দিবেন He who has given life, (He) will give food

যে ব্যক্তি এমত কর্ম্ম করিয়াছে সে ব্যক্তি সব করিতে পারে The man who has done that, (that man) can do everything.

যাহা মন্দ তাহা হেয় Whatsoever is bad, (that) is contemptible

যখন তুমি যাইবে তখন আমিও যাইব Whenever you go, (then) I also will go.

তুমি যেখানে থাকো সেখানে মনুষ্য থাকিতে পারে না Where you dwell, there no man can dwell.

বৈকুণ্ঠ যেমন জগদীশ তেমন নয় Such as Boikunth is, such is not Jagadish (i e Jagadish is not equal to Boikunth)

Although, however, the pronoun in the second clause must be the correlative of that in the first clause, it is not necessary that it should be in the same case, it must, of course, take the case required by the construction of the clause It is, at the same time, thought more elegant, if not more correct, so to word the sentence that the correlative shall be in the same case as the relative, thus it is not incorrect to say,

যে ব্যক্তি আসিবে তাহাকে আমি দান দিব Whoever shall come, to him I will give gifts,

but it would be more elegant to say,

যে ব্যক্তি আসিবে সে দান পাইবে Whoever shall come, he shall get gifts,

because in both clauses the pronoun is in the nominative

Occasionally, for the sake of emphasis or impressiveness, the correlative sentence is placed first, as

তিনিই যথার্থ পণ্ডিত যিনি বিদ্বান ও ধার্ম্মিক He is a true Pandit, who is wise and virtuous

Sometimes the relative is omitted, and sometimes the correlative, but the former is rare and chiefly in poetry, as

সকল প্রাণিকে দেখে আপনার মত।
সেই সে পণ্ডিত হয় শাস্ত্রের সম্মত ॥

(He who) regards all living things as equal to himself,
He is that sage approved by the Shastras

তুমি যাহা খাইতে চাও দিব Whatever you wish to eat, (that) I will give

যাহা বল কিন্তু আমার মনে সন্দেহ জন্মিয়াছে Whatever you say, still doubt has arisen in my mind.

In the first instance the relative is omitted *metri gratiâ*. It should

be যে সকল etc.; in the two last the correlative is omitted—তাহা দিব etc and তাহা হইলেও.

The relative যে is sometimes colloquially inserted in hasty or half-interjectional sentences, thus, to the question 'where is Rām?' the answer might be, সে যে বাড়ী গিয়াছে 'why, he has gone home.' I can only translate যে by 'why,' uttered in a tone of surprise It is, in fact, almost untranslateable, though the construction is extremely common

vi It may be useful here to give a list of certain words which, by the usage of the language, correspond to each other, so that when one is used in the first clause of a sentence the other must be used in the last.

যদি	if,	requires	তবে then.
যদ্যপি যদিও যদিস্যাৎ	although,	,,	তথাপি তত্রাপি তথাচ — yet, still, nevertheless
বরং বরঞ্চ	rather,	,,	তথাপি না তত্রাপি না তবু না — yet not (than)
হয়	either,	,,	নয় or
নয়	neither,	,,	নয় nor.
না	neither,	,,	না nor
অপেক্ষা চেয়ে	than,	,,	বরং বরঞ্চ — rather

Some of these words are used in such a way that it is difficult to find exact English equivalents for them বরং, for instance means 'good,' and বরঞ্চ is the same word with the Sanskrit চ 'and' added to it (বরংচ). হয় is the verb 'is,' and নয় the negative of the same, thus

যদি তুমি যাও তবে আমি যাই If you go, then I go.

যদ্যপি তুমি আমার মন্দ করিয়াছ তথাপি আমি তোমার মন্দ করিব না Although you have done ill by me, I will do no ill by you.

বরং প্রাণ হারাইব তবু মান হারাইব না I will rather lose my life than my honour (lit better *or* rather I will lose my life, then I will not lose my honour)

বরং শুন্য গোয়ালি ভাল তবু দুষ্ট গরু ভাল নয় Better is an empty cowshed than a vicious cow (Proverb; lit. rather an empty cowshed good, then a vicious cow is not good.)

হয় যাও নয় থাক Either go, or stay (lit (if) it is, go; (if) it is not, stay)

নয় ভাল নয় মন্দ Neither good, nor bad (lit it is not good, it is not bad)

সে না হিন্দু না মুসলমান He is neither Hindu nor Musulman.

উহা অপেক্ষা বরং ইহা ভাল This is better than that (lit. than that rather this is good)

মন্দ পুত্র হওয়ার চেয়ে বরং পুত্র না হওয়া ভাল It is better to have no son at all than a bad son (lit. than the being of a bad son, rather a son not being is good).

It will be seen from the above instances that the negative is often used in the sense of 'or' Thus, to express the idea 'are you going or shall you stay here?' they would say, 'do you go? no? do you stay?' This construction is colloquially very common.

vii. When a long string of nouns is used to govern one verb, or to form one sentence, the conjunctive conjunction should, strictly speaking, be inserted after each one of them, but in modern usage this has been felt to be cumbrous, and it is now more common to insert the conjunction only between the two last, or even to omit it altogether; as

যুধিষ্ঠির ও ভীম ও অর্জ্জুন ও নকুল ও সহদেব এই পাঁচ ভাই পঞ্চ পাণ্ডব or

যুধিষ্ঠির, ভীম অর্জ্জুন নকল ও সহদেব etc. Yudhishṭhira, Bhīma,

Arjuna, Nakula, and Sahadeva, these five brothers are the five Pāṇḍavas.

viii. When two or more nouns in the genitive case are joined by a conjunction, the termination may optionally be added to both, or only to the last; as

শাক্ত ও বৈষ্ণবের মধ্যে দ্বেষ আছে or
শাক্তের ও বৈষ্ণবের etc. Between Śāktas and Vaishṇavas there is enmity.

But when both nouns are in the accusative, it is more common to add the termination only to the last, as

মহেশ কিম্বা ভুবনকে এখানে পাঠাইয়া দিও Send Mahesh or Bhuban here.

When the conjunction is ও, the termination may be added to both nouns. The same rule applies to adjectives when declined as substantives (see § 23, par. vi), as

জ্ঞানি গুণি ও মানিকে আদর কর Reverence the wise, the virtuous, and the venerable.

Though less usual, it would not be incorrect to say জ্ঞানিকে etc. This rule does not apply to pronouns, which must always have the case terminations; as

তোমাকে ও তাঁহাকে যাইতে হইবে You and he must go.

To say তোমা ও তাঁহাকে would be incorrect.

ix. Interrogation is colloquially indicated merely by the tone of the voice, as in other languages. In writing, also, the English sign of interrogation is now frequently used, thus তুমি যাবে? 'will you go?'

But, for the sake of greater clearness, কি is often introduced, either before or after the verb; thus তুমি কি যাবে or তুমি যাবে কি. Or the verb is put first, as যাবে তুমি or যাবে কি তুমি.

When the fact is already known and the question is put merely

to compel a confession, or to clench an argument, না or না কি is used; as

তুমি না সেখানে গিয়াছিলে Did not you go there?

রাজা নাকি গুলি খাইয়া মরিয়াছে Was not the Rājā killed by a bullet? (lit did not the Rājā having eaten a bullet die?)

x In conversation, and occasionally also in writing, the substantive verbs আছে and হওন in the present tense are omitted, being understood. This is peculiarly the case in short sentences where the meaning is perfectly clear without them as

তোমার নাম কি What (is) your name?

তিনি উত্তম লোক He (is) a very good man.

So also, but less *frequently*, with the imperfect ছিলাম, and the preterite of হওন, as

যখন পলাশির যুদ্ধ হয় তখন আমি কাশীতে omitting ছিলাম When the battle of Plassy took place, I (was) at Benares

তিনি গত omitting হইয়াছে He (is) gone

আমার এখন বড় সুখ omitting হইয়াছে I am now very happy.

It is difficult to lay down exact rules for the omission or insertion of the substantive verb It is so much a matter of habit and custom that no native grammarian seems to have considered it worth analysing. It is necessary to realise the difference in meaning of the two verbs. Those who know Sanskrit will readily understand it by bearing in mind that আছে is the Sanskrit অস্, while হওন is Sanskrit ভূ, for others, the matter may be made clear by observing that there are in many Aryan languages two verbs meaning 'to be,' one of which is a mere copula or linking-word used to connect other words in a sentence where no special stress is laid on the idea of being, while the other is used when the idea of being is an important element in the sentence[1]. The former is often

[1] The best example of this distinction in modern languages is the use of *ser* (esse) and *estar* (stare) in Spanish.

omitted, its existence being so readily understood. Thus, where an adverb is used emphatically in a sentence, it draws the attention to itself, and the verb is taken for granted, as **আমি এখন ব্যস্ত** 'I am *now* busy;' but if the adverb is omitted, the verb is inserted, as **আমি ব্যস্ত আছি** 'I am busy.' So also when speaking familiarly, or when addressing an inferior, brevity or a tone of command is expressed by omitting the verb, as **তুই কি** 'who (are) you?' The latter is more generally inserted, though when the adjective is used descriptively, as explained in par. iii above, it is omitted. Thus it is inserted in

কই তিনি দুঃখিত হন নই Where is he not grieved? i.e. of course he is grieved.

কোথায় তিনি দুঃখিত হবেন Where will he be grieved? i. e. of course he will be pleased.

But it is omitted in

যে সকল লোক শীতে কাতর তাহাদিগের কাপড় দেওয়া উচিত To those who are suffering from cold, it is proper to give clothes

তিনি অতি বুদ্ধিমান ব্যক্তি He is a very clever person

CHAPTER VII

SPECIMENS OF BENGALI LITERATURE

I.

Short Sentences.

যে সর্ব্বাবস্থায় সন্তুষ্ট সেই সুখী।
কুসংসর্গে থাকা অপেক্ষা একাকী থাকা ভাল।
স্বর্ণের পরীক্ষা অগ্নীতে বন্ধুর পরীক্ষা বিপদে।
মূর্খের অন্তঃকরণ মুখে জ্ঞানির মুখ অন্তরে।
যে কখনো দুঃখে পড়ে নাই সে সুখের স্বাদ পায় নাই।
দুঃখ যে সহিতে পারে না সে অত্যন্ত দুঃখী।
ভাবিয়া করিও যেন করিয়া ভাবিও না।
যার জন্যে করিবে চুরি সেও বলিবে চোর।
পাপ করিলে ভুগতে হয়।
তোমার মতন উপযুক্ত লোক কজন পাওয়া যায়।
গতিক বড় ভাল নয় বোধ হয় সর্বনাশ হইবে।
পরিশ্রম করিলে রত্ন মিলিবে।
তুমি কি মনে করেছ সংসারে থেকে ধর্ম্ম কর্ম্ম করিবে।
মূর্খের অনেক দোষ তাই বলি ভাল করিয়া লেখা পড়া শিখ।
ডুব দিয়া জল খেলে কারও সাধ্য নাই যে ধরে।
কায করিতে গেলে মন চাই নইলে কি কাজ ভাল হয়।

টাকা পাইলে খরচ করিতে ইচ্ছা হয়।
মরিতে হবে বলিলে লোকে কি কখনো হিংসা করে।
দুষ্ট লোককে সকলেই ঘৃণা করে।
মানুষ হলেই লোকে সুখ্যাতি করে॥

II.

Short Sentences.

আশাকে সংযমন করা সুখী হইবার প্রধান উপায়।

বিজ্ঞ লোক অন্যের দোষ দৃষ্টে আপন দোষ সংশোধন করেন।

অন্যের দোষ দেখিবার সময় আমাদের চক্ষুঃ সতেজ কিন্তু আপন দোষ দেখিবার সময় অন্ধ।

সুবাক্যে পর আত্মীয় হয় দুর্বাক্যে আত্মীয় পর হয়।

সম্পদে স্বার্থসাধন নিমিত্ত অনেকে বন্ধু হয় কিন্তু বিপদে কেহ থাকে না।

পণ্ডিত লোক ধার্ম্মিকের প্রশংসা করেন অবশিষ্ট লোক ধনির ও পরাক্রান্তের প্রশংসা করেন।

অপরিমিত ব্যয়ী আপন উত্তরাধিকারিকে ফাকি দেয় কৃপন আপনাকে বঞ্চিত করে।

সজ্জনের হৃদয় নবনী হইতে ও কোমল কেননা নবনী আপনি উত্তাপ না পাইলে দ্রব হয় না সজ্জনের মন অন্যের তাপ দেখিয়া দ্রব হয়।

পণ্ডিতের শস্ত্র শাস্ত্র, মূর্খের শস্ত্র অস্ত্র।

যে কর্ম্ম একবার করিলে আর ফিরিবে না তাহা বিলক্ষণ বিবেচনা পূর্ব্বক করিও।

সাহসে কোন কার্য্যে প্রবৃত্ত হওয়া উচিত নহে।

উদ্যোগী পুরুষ প্রায়ই লক্ষ্মীবন্ত হইয়া থাকে।

মনুষ্যের অহঙ্কার তুল্য শত্রু নাই।

পবিত্র মানবদেহে কেন পাপের সঞ্চার হইবে।

স্বভাবজ বনজাত শাক দ্বারা ও উদর পরিপূর্ণ করা যাইতে পারে।

উন্নত হইতে ইচ্ছা করিলে অগ্রে নম্র হইতে হয়।

পরদুঃখে যে হৃদয় কাতর নহে সে মনুষ্য পদ বাচ্য নহে।

ধার্ম্মিক হইলে লোকে শ্রদ্ধা করিয়া থাকে।

আশ্চর্য্য এই যে লোকে ধনক্ষয়ে দাসকে ক্রয় করে তথাপি মিষ্ট বাক্যে স্বাধীনকে কিনিয়া রাখে না।

জীব সৃষ্টি করিবার পূর্ব্বে জগদীশ্বর আহার প্রস্তুত করিয়া রাখেন॥

III.

Dialogue between Two Countrymen.

(ভেঁরি বাদ্য শুনিয়া)

১ম চাষা। মামা গো ওডা ভোঁ ভোঁ কল্লে আর কি বলে গো মামা।

২য় চাষা। তুই অ্যাও জানিস্ নি ওড়া তুরি না তুরি কি বলে যে আর যো লোকটা বেজ্‌য়ে বেজ্‌য়ে বেড়াচ্চে ওর নাম আজ চুত।

১ম চাষা। কি এক খানা বলয়ে যে।

২য় চাষা। রোস সেমুজে দেখি। বোজ্‌লাম রে বোজ্‌লাম সব্বনাশ কল্লে খালাম আর কি। আজার বেটা আম চন্দের এক খানা নোতুন পুন্নে করবে তাই মোদের জেনয়ে দিচ্চে তা

ঋদি আজ একবার আজার বেটা পুম্মে করে তবেই তো মোরা থালাম মোদের ছ্ লায় পা দেওয়া হোলো চ্ জায়গায় থাজনা দে কোন স্বম্মুন্দী ফসল কত্তি পারে রে।

(ভট্টাচার্য্য মহাশয়কে দেখিয়া)

১ম চাষা। ভট্‌চজ্জি মুশাই পরুনাম গো। এ লোকটি ঝা বল্‌যে মোদের সেম্‌জে ছ্যাশ তো॥

From রাম বনবাস a drama, by Manamohana Basu

IV.

The Villager in Trouble about his Land.

সাধুচরণের বাড়ী

লাঙ্গল লইয়া রাইচরণের প্রবেশ॥

রাই। (লাঙ্গল রাখিয়া) আমিন স্বমুন্দি থ্যান বাগ। যে রোক করে মোর দিকে আস্‌ছিলো। বাবা রে! মুই বলি মোরে বুঝি থালে। সোঁপালতলার ৫ কুড়ো ভুইঁ যদি নীলি থ্যাল তবে মাগ্‌ ছেলেরে খাওয়াব কি। কাঁদাকাটি করে ছ্যাক্‌বো যদি না ছাড়ে মোরা কাজেই ছ্যাশ ছাড়ে যাব।

ক্ষেত্রমণির প্রবেশ

দাদা বাড়ী রয়েছে?

ক্ষেত্র। বাবা বাবুদের বাড়ী গিয়েছে আলেন আর দেরি নেই কাকীমারে ডাক্‌তি যাবা না? তুমি বক্‌চো কি?

রাই। বক্‌চি মোর মাতা। একটু জল আন্‌দিনি থাই তেষ্টায় যে ছাতি ফেটে থ্যাল। স্বমুন্দিরি অ্যাত বল্লাম তা কিছুটি শোন্‌লে না।

সাধুচরণের প্রবেশ এবং ক্ষেত্রমণির প্রস্থান।

সাধু। রাইচরণ তুই এত সকালে বাড়ী এলি ?

রাই। দাদা আমিন শালা সোঁপালতলার জমিতি দাগ মেরেচে খাব কি বচ্ছেরে যাবে কেমন করে। আহা জমি তো মা হ্যান সোনার চাঁপা। এক কোন্ কেটে মহাজন বাং কত্তাম। খাব কি ছেলে পিলে খাবে কি। এতডা পরিবার না খাতি পেয়ে মারা যাবে ও মা' রাত পোয়ালি যে দু কাটা চালির খরচ, না খাতি পেয়ে মর্বো আরে পোড়া কপাল, আরে পোড়া কপাল!

সাধু। জল খা, জল খা, ভয় কি, জীব দিয়েচে যে আহার দিবে সে॥

From নীল দর্পণ a play, by Dinabandhu Mitra. Act 1 sc. 2

V.

A Rich Man's Country House.

কুন্দ, নগেন্দ্রদত্তের সঙ্গে গোবিন্দপুরে আসিল। কুন্দ, নগেন্দ্রের বাড়ী দেখিয়া অবাক্ হইল।

এত বড় বাড়ী সে কখন দেখে নাই। তাহার বাহিরে তিন মহল, ভিতরে তিন মহল। এক একটি মহল এক একটি বৃহৎ পুরী। প্রথমে, যে সদর মহল, তাহাতে এক লোহার ফটক দিয়া প্রবেশ করিতে হয়, তাহার চতুষ্পার্শ্বে বিচিত্র উচ্চ লোহার রেইল। ফটক দিয়া তৃণশূন্য প্রশস্ত, রক্তবর্ণ সুনির্ম্মিত পথে যাইতে হয়। পথের দুই পার্শ্বে, গোগণের মনোরঞ্জন, কোমল নবতৃণবিশিষ্ট দুই খণ্ড ভূমি। তাহাতে মধ্যে মধ্যে মণ্ডলাকারে রোপিত, সকুসুম, পুষ্পবৃক্ষ সকল বিচিত্র পুষ্পপল্লবে শোভা

পাইতেছে। সম্মুখে বড় উচ্চ দেড়তালা বৈঠকখানা। অতি প্রশস্ত সোপানারোহণ করিয়া তাহাতে উঠিতে হয়। তাহার বারেণ্ডায়, বড় বড় মোটা ফ্লুটেড্ থাম; হর্ম্ম্যতল মর্ম্মরপ্রস্তরাবৃত। আলিশার উপরে, মধ্যস্থলে এক মৃণ্ময় বিশাল সিংহ জটা লম্বিত করিয়া, লোল জিহ্বা বাহির করিয়াছে। এইটি নগেন্দ্রের বৈঠকখানা। তৃণপুষ্পময় ভূমিখণ্ডদ্বয়ের দুই পার্শ্বে, অর্থাৎ বামে ও দক্ষিণে দুই সারি একতালা কোঠা। এক সারিতে দপ্তরখানা ও কাছারি। আর এক সারিতে তোষাখানা এবং ভৃত্যবর্গের বাসস্থান। ফটকের দুই পার্শ্বে দ্বাররক্ষকদিগের থাকিবার ঘর। এই প্রথম মহলের নাম "কাছারি বাড়ী"। উহার পার্শ্বে "পূজার বাড়ী"। পূজার বাড়ীতে রীতিমত বড় পূজার দালান; আর তিন পার্শ্বে প্রথমত দোতালা চক বা চত্বর। মধ্যে বড় উঠান। এ মহলে কেহ বাস করে না। দুর্গোৎসবের সময়ে বড় ধুমধাম হয়, কিন্তু এখন উঠানে টালির পাশ দিয়া ঘাস গজাইতেছে। দালান, দরদালান, পায়রায় পুরিয়া পড়িয়াছে, কুঠারি সকল আসবাবে ভরা,—চাবি বন্ধ। তাহার পাশে ঠাকুরবাড়ী। সেখানে বিচিত্র দেবমন্দির, সুন্দর প্রস্তরবিশিষ্ট "নাট-মন্দির," তিন পাশে দেবতাদিগের পাকশালা, পূজারিদিগের থাকিবার ঘর এবং অতিথিশালা। এই তিন মহল সদর। এই তিন মহলের পশ্চাতে তিনমহল অন্দর। কাছারি বাড়ীর পশ্চাতে যে অন্দর মহল, তাহা নগেন্দ্রের নিজ ব্যবহার্য। তন্মধ্যে কেবল তিনি, তাঁহার ভার্য্যা ও তাঁহাদের নিজ পরিচর্য্যায় নিযুক্ত দাসীরা থাকিত। এবং তাঁহাদের নিজ ব্যবহার্য দ্রব্য সামগ্রী থাকিত। এই মহল নূতন, নগেন্দ্রের নিজের প্রস্তুত; এবং তাহার নির্ম্মাণ অতি পরিপাটি। তাহার পাশে পূজার

বাড়ীর পশ্চাতে সাবেক অন্দর। তাহা পুরাতন, বুনির্ম্মিত; ঘর সকল অনুচ্চ, ক্ষুদ্র এবং অপরিষ্কৃত। এই পুরী বহুসংখ্যক আত্মীয় কুটুম্বকন্যা, মাসী, মাসীত ভগিনী, পিসী, পিসীত ভগিনী, বিধবা মাসী, সধবা ভাগিনেয়ী, পিসীত ভাইয়ের স্ত্রী, মাসীত ভাইয়ের মেয়ে, ইত্যাদি নানাবিধ কুটুম্বিনীতে কাকসমাকুল বটবৃক্ষের ন্যায়, রাত্রি দিবা কল কল করিত। এবং অনুক্ষণ নানাপ্রকার চীৎকার, হাস্য পরিহাস, কলহ, কুতর্ক, গল্প পরনিন্দা, বালকের হুডাহুড়ি, বালিকার রোদন, "জল আন" "কাপড় দে" "ভাত রাঁধলে না" "ছেলে খায় নাই" "দুধ কই" ইত্যাদি শব্দে সংক্ষুব্ধ সাগরবৎ শব্দিত হইত। তাহার পাশে ঠাকুর বাড়ীর পশ্চাতে, রন্ধনশালা। সেখানে আরো জাঁক। কোথাও কোন পাচিকা ভাতের হাঁড়িতে জ্বাল দিয়া পা গোট করিয়া, প্রতিবাসিনীর সঙ্গে তাঁহার ছেলের বিবাহের ঘটার গল্প করিতেছেন। কোন পাচিকা বা কাঁচা কাঠে ফুঁ দিতে দিতে ধূঁয়ায় বিগলিতলোচনা হইয়া, বাড়ীর গোমস্তার নিন্দা করিতেছেন, এবং সে যে টাকা চুরি করিবার মানসেই ভিজা কাঠ কাটাইয়াছে, তদ্বিষয়ে বহুবিধ প্রমাণ প্রয়োগ করিতেছেন। কোন সুন্দরী তপ্ত তৈলে মাছ দিয়া চক্ষু মুদিয়া, দশনাবলী বিকট করিয়া, মুখভঙ্গি করিয়া আছেন, কেন না তপ্ত তৈল ছিটকাইয়া তাঁহার গায়ে লাগিয়াছে; কেহ বা স্নানকালে বহু-তৈলাক্ত, অসংযমিত কেশরাশি, চূড়ার আকারে সীমন্তদেশে বাঁধিয়া ডালে কাটি দিতেছেন॥

From বিষবৃক্ষ or 'The Poison Tree,' by Bankim Chandra Chatterjea. Chap. vii.

VI.

Letter of a Deserted Wife.

শোকের প্রথম বেগ সম্বরণ হইলে, কমলমণি পত্র খুলিয়া পড়িলেন। পত্রখানির শিরোনামায় তাঁহারই নাম। পত্র এইরূপ ;—

"যে দিন স্বামীর মুখে শুনিলাম যে আমাতে আর তাঁর কিছুমাত্র সুখ নাই, তিনি কুন্দনন্দিনীর জন্য উন্মাদগ্রস্ত হইবেন, অথবা প্রাণত্যাগ করিবেন, সেই দিনেই মনে মনে সঙ্কল্প করিলাম, যদি কুন্দনন্দিনীকে আবার কখন পাই, তবে তাহার হাতে স্বামীকে সমর্পণ করিয়া তাঁহাকে সুখী করিব। কুন্দনন্দিনীকে স্বামী দান করিয়া আপনি গৃহত্যাগ করিয়া যাইব ; কেন না, আমার স্বামী কুন্দনন্দিনীর হইলেন, ইহা চক্ষে দেখিতে পারিব না। এখন কুন্দনন্দিনীকে পুনর্বার পাইয়া তাহাকে স্বামী দান করিলাম। আপনিও গৃহত্যাগ করিয়া চলিলাম।

"কালি বিবাহ হইবার পরেই আমি রাত্রে গৃহত্যাগ করিয়া যাইতাম। কিন্তু স্বামীর যে সুখের কামনায় আপনার প্রাণ আপনি বধ করিলাম, সে সুখ দুই একদিন চক্ষে দেখিয়া যাইবার সাধ ছিল। আর তোমাকে আর একবার দেখিয়া যাইব সাধ ছিল। তোমাকে আসিতে লিখিয়াছিলাম—তুমি অবশ্য আসিবে, জানিতাম। এখন উভয় সাধ পরিপূর্ণ হইয়াছে। আমার যিনি প্রাণাধিক, তিনি সুখী হইয়াছেন ইহা দেখিয়াছি। তোমার নিকট বিদায় লইয়াছি ' আমি এখন চলিলাম।

"তুমি যখন এই পত্র পাইবে, তখন আমি অনেক দূর যাইব। তোমাকে যে বলিয়া আসিলাম না, তাহার কারণ এই

যে, তা হইলে তুমি আসিতে দিতে না। এখন তোমাদের কাছে আমার এই ভিক্ষা যে, তোমরা আমার সন্ধান করিও না।

"তোমার কাছে জন্মের মত বিদায় হইলাম, আশীর্ব্বাদ করি, তোমার স্বামী পুত্র দীর্ঘজীবী হউক। তুমি চিরসুখী হও। আরও আশীর্ব্বাদ করি যে, যে দিন তুমি স্বামীর প্রেমে বঞ্চিত হইবে, সেই দিন যেন তোমার আয়ুঃশেষ হয়। আমায় এ আশীর্ব্বাদ কেহ করে নাই॥"

Ibid Chap. xxviii.

VII.

An Unscrupulous Attorney.

বাবুরাম বাবুর টাকাতে অতিশয় মায়া—বড় হাত ভারি—বাক্স থেকে টাকা বাহির করিতে হইলে বিষম দায় হয়। মহাজনদিগের সহিত কচ্‌কচি ঝক্‌ঝকি করিতেছেন, ইতিমধ্যে প্রেমনারায়ণ মজুমদার আসিয়া উপস্থিত হইলেন এবং কলিকাতার সকল সমাচার কাণে২ বলিলেন। বাবুরাম বাবু শুনিয়া স্তব্ধ হইয়া থাকিলেন—বোধ হইল যেন বজ্র ভাঙ্গিয়া তাঁহার মাথায় পড়িল। ক্ষণেক কাল পরে সুস্থির হইয়া ভাবিয়া মোকাজান মিয়াকে ডাকাইলেন। মোকাজান আদালতের কর্ম্মে বড় পটু। অনেক জমিদার নীলকর প্রভৃতি সর্ব্বদা তাহার সহিত পরামর্শ করিত। জাল করিতে—সাক্ষী সাজাইয়া দিতে—দারোগা ও আমলাদিগকে বশ করিতে—গাঁতের মাল লইয়া হজম করিতে—দাঙ্গা হাঙ্গামের জোটপাট ও হয়কে নয় করিতে নয়কে হয় করিতে তাহার তুল্য আর এক জন পাওয়া ভার। তাহাকে আদর করিয়া সকলে ঠকচাচা বলিয়া ডাকিত, তিনিও

তাহাতে গলিয়া যাইতেন এবং মনে করিতেন আমার শুভক্ষণে জন্ম হইয়াছে—রমজান ইদ সোবেরাত আমার করা সার্থক—বোধ হয় পিরের কাছে কসে ফয়তা দিলে আমার কুদ্রৎ আরও বাড়িয়া উঠিবে। এই ভাবিয়া একটা বদনা লইয়া উজু করিতে ছিলেন, বাবুরাম বাবুর ডাকাডাকি হাঁকাহাঁকিতে তাড়াতাড়ি করিয়া আসিয়া নির্জ্জনে সকল সংবাদ শুনিলেন। কিছুকাল ভাবিয়া বলিলেন—ভয় কি বাবু? এমন কত শত মকদ্দমা মুঁই উড়াইয়া দিয়েছি—এবা কোন্ ছার? মোর কাছে পাকা২ লোক আছে—তেনাদের সাথে করে লিয়ে যাব—তেনাদের জবানবন্দিতে মকদ্দমা জিতব—কিছু ভয় কর না—কেল্ খুব ফজরে এসবো, এজ্ চল্লাম॥

From আলালের ঘরের দুলাল or 'The Spoilt Child of the House of Alāl,' by Tekchand Thākur (Piāri Chand Mitra). Chap. v.

VIII.

The Rake's Progress.

মতিলাল ক্রমে২ মেরোয়া হইয়া উঠিল, এমনি ধূর্ত্ত হইল যে পিতার চক্ষে ধূলা দিয়া নানা অভদ্র ও অসৎ কর্ম্ম করিতে লাগিল। সর্ব্বদাই সঙ্গিদিগের সহিত বলাবলি করিত বুড়া বেটা একবার চোক বুজলেই মনের সাদে বাবুয়ানা করি। মতিলাল বাপ মার নিকট হইতে টাকা চাহিলেই টাকা দিতে হইত—বিলম্ব হইলেই তাহাদিগকে বলে বসিত—আমি গলায় দড়ি দিব অথবা বিষ খাইয়া মরিব। বাপ মা ভয় পাইয়া মনে করিতেন কপালে যাহা আছে তাই হবে এখন ছেলেটি প্রাণে বাঁচিয়া থাকিলে আমরা বাঁচি—ও আমাদিগের শিব রাত্রির

শলিতা—বেঁচে থাকুক, তবু এক গণ্ডুষ জল পাব। মতিলাল ধুমধামে সর্ব্বদাই ব্যস্ত—বাটীতে তিলার্দ্ধ থাকে না। কখন বনভোজনে মত্ত—কখন যাত্রার দলে আকড়া দিতে আসক্ত—কখন পাঁচালির দল করিতেছে—কখন সকের দলের কবিওয়ালাদিগের সঙ্গে দেওরা২ করিয়া চেঁচাইতেছে—কখন বারওয়ারি পূজার জন্য দৌড়াদৌড়ি করিতেছে—কখন খেমটার নাচ দেখিতে বসিয়া গিয়াছে—কখন অনর্থক মারপিট, দাঙ্গা হাঙ্গামে উন্মত্ত আছে। নিকটে সিদ্ধি, চরস, গাঁজা, গুলি, মদ অনবরত চলিয়াছে—গুড়ুক্ পালাই২ ডাক ছাড়িতেছে। বাবুরা সকলেই সর্ব্বদা ফিট্ফাট্—মাথায় ঝাঁকড়া চুল—দাঁতে মিসি—সিপাই পেড়ে ঢাকাই ধুতি পরা—বুটোদার একলাই ও গাজের মেরজাই গায়—মাথায় জরির তাজ—হাতে আতরে ভুরভুরে রেসমের হাতরুমাল ও এক২ ছড়ি—পায়ে রূপার বগ্লসওয়ালা ইংরাজি জুতা। ভাত খাইবার অবকাশ নাই কিন্তু খাস্তার কচুরি, খাসা গোল্লা, বরফি, নিখুতি, মনোহরা ও গোলাবি খিলি সঙ্গে২ চলিয়াছে॥

Ibid. Chap. ix.

IX.

A Sylvan Scene.

লক্ষ্মণ কহিলেন আর্য্য! এ দিকে দণ্ডকারণ্যভূভাগ অবলোকন করুন। এই স্থানে দুর্দ্ধর্ষ কবন্ধ রাক্ষসের বাস ছিল। এই এ দিকে পম্পা সরোবর। রাম পম্পা শব্দ শ্রবণে সীতাকে সম্বোধন করিয়া কহিলেন, প্রিয়ে পম্পা পরম রমণীয় সরোবর। আমি তোমার অন্বেষণ করিতে২ পম্পাতীরে উপস্থিত হইলাম। দেখিলাম প্রফুল্ল কমল সকল মন্দ মারুত ভরে ঈষৎ আন্দোলিত

হইয়া সরোবরের অনির্বচনীয় শোভা সম্পাদন করিতেছে। উহাদের সৌরভে চতুর্দ্দিক আমোদিত হইতেছে। মধুকরেরা মধুপানে মত্ত হইয়া গুন গুন স্বরে গান করিয়া উড়িয়া বেড়াইতেছে হংস সারস প্রভৃতি বহুবিধ বারিবিহঙ্গগণ মনের আনন্দে নির্ম্মল সলিলে কেলি করিতেছে॥

From সীতার বনবাস by Pandit Ishwara Chandra Vidyāsāgara.
Chap 1 p. 19

X.

Sītā's Lament.

এই বলিতে২ জানকীর কণ্ঠরোধ হইয়া গেল। তিনি কিয়ৎক্ষণ বাক্য নিঃসরণ করিতে পারিলেন না; অনন্তর দীর্ঘ নিশ্বাস পরিত্যাগ পূর্ব্বক কহিলেন। লক্ষ্মণ, আমি জন্মান্তরে কত মহাপাতক করিয়াছিলাম বলিতে পারি না নতুবা বিধাতা আমার কপালে এত দুঃখভোগ লিখিবেন কেন? বিধাতারই বা অপরাধ কি সকলে আপন২ কর্ম্মের ফল ভোগ করে আমি জন্মান্তরে যেমন কর্ম্ম করিয়াছিলাম এ জন্মে সেইরূপ ফল ভোগ করিতেছি। বোধ করি পূর্ব্ব জন্মে কোনও পতিপ্রাণা কামিনীকে পতিবিয়োজিতা করিয়া ছিলাম সেই মহাপাপেই আজ আমার এই দুরবস্থা ঘটিল নতুবা আর্য্যপুত্রের হৃদয় স্নেহ দয়া ও মমতায় পরিপূর্ণ। আমিও যে একান্ত পতিপ্রাণা ও শুদ্ধচারিণী তাহাও তিনি বিলক্ষণ জানেন। তথাপি যে এমন সময়ে আমায় পরিত্যাগ করিলেন সে কেবল আমার পূর্ব্বজন্মার্জ্জিত কর্ম্মের ফল ভোগ॥

Ibid., p. 55.

XI.

A Charge of Theft laid at a Police Station.

জেলা হরিপুর থানা নবখালি

বাদী . . . রাম কৃষ্ণ দাস
আসামী . . . কৃষ্ণ দাস
সাং তাঁতীবন্দর

} মোকদ্দমা
দঃ বিঃ ৩৮০

১৯ নং জানুয়ারি
১৮৯১ সাল

আমি শ্রী রাম কৃষ্ণ দাস বৈরাগী পেঃ ৺ কৃষ্ণ চৈতন্য দাস বৈরাগী ষ্টেশনে উপস্থিতে এজাহার করিতেছি যে গত বুধ-বারের দিন রাত্রি আমার বাটীতে একটা অতিথি যাইয়া রা-ত্রিতে থাকিতে চাহায় আমি তাহাকে খাওয়াইয়া আপন গায়ের পুরাতন ১ খানা লুইয়ের কাপড় তাহাকে গায় দিতে দিয়া দক্ষিণ দ্বারী খোলা ঘরের মধ্যে আমি ও সে শুইয়া ঘুমাইয়া গিযাছিলাম; রাত্রি দুই দণ্ড থাকিতে উঠিয়া দেখিলাম যে আমার নিকট শুইয়া থাকা অতিথিটি নাই, খালি বিছানা পড়িয়া আছে এবং আমার একটা পিতলের কমণ্ডলু তথায় ছিল, তাহা নাই, তখন চারি দিক তল্লাস করিয়া না পাইয়া, তল্লাসে গিয়াছিলাম, দুই দিন পরে বাড়ি আসিয়া মহল্লার সমির সেখ চৌকীদারকে বলিয়া এতক তল্লাস করিতেছিলাম, পাই নাই; তাহার নাম তখন কৃষ্ণ দাস ও বাড়ি প্রথম বনগ্রাম পরে তাঁতীবন্দর বলি-য়াছিল; সে আর কোন দিন আমার বাড়ী যায় নাই সেও বৈরাগী বলিয়া পবিচয় দিয়াছিল, তাহার সঙ্গে একটা আঁচলা

ও একটা হুঁকা এবং একখানা কাশ্মীরী ছিল, আমার ঐ লুটয়ের দাম এক্ষণে ১, একটাকা হইবে; ছেঁড়ে নাই, ২ স্থানে ইন্দুরে কাটার সেলাই করা ও আড়ে দুই মুড়া কাল ফিতা দিয়া মুখে সেলাই আছে। ও কমণ্ডলু আন্দাজ /১ এক সের কি /১। সওয়া সের আছে, তাহার মূল্য ।।০ আনা হইবে। আমার এজাহার এই, আমি লেখা পড়া জানি; নিজের নাম লিখিতে পারি, তদন্তের প্রার্থনা রাখি ইতি।

বাদীকে এই এজাহার পাঠ করিয়া শুনাইলে ঠিক থাকা কহিল ইতি॥

XII.

A Charge of Theft laid at a Police Station.

জেলা হরিপুর থানা করিমাবাদ

বাদী রাম নারায়ণ ঘোষ সাং চালতে তলা } মোঃ দঃ ৩৭৯|৪১১
আসামী কাকি সেখ ,, তোলাইপুর } ধারা

৫ নং জানুয়ারি }
১৮৯১ সাল }

আমি শ্রী রাম নারায়ণ ঘোষ বয়স ২৪|২৫ বৎসর, পিতা রামেশ্বর ঘোষ সাং চালতে তলা ১২ নং বীট্; ১২ নং ঝুধুই সেখ চৌকীদার সহ আপনার নিকট জমসেরপুর গ্রামে রাত্রি ১০ টার সময়, রাইটার কনষ্টেবলের পত্র দাখিল করিয়া এই এজাহার করিতেছি যে আমার একটি ছিটের কোট্ ও সাদা

পিরান্ আজ্ ৬ দিন হইল আমার পূর্ব্ব দ্বারী আল্‌গা ঘরে রাখিয়াছিলাম গত পরশু তারিখে আমার খুড়া গোপীনাথ ঘোষ গোয়াড়ি যাওয়াতে, তিনি লইয়া গিয়াছেন, মনে করিয়াছিলাম; কল্য রাত্রিতে আমার ঐ খুড়া বাড়ী আসায় তাঁহাকে জিজ্ঞাসা করায় তিনি লইয়া যান নাই বলেন, তখন ঐ পিরান ও কোট ঐ তারিখের মধ্যে কোন দিন চুরি হওয়া জানিয়া বুধুই চৌকীদারকে কহিয়া তল্লাস করিতেছিলাম; আজ্ প্রাতে মটর গাছ কিনিতে ডোলাইপুর যাই, তথায় পরাণ বিশ্বাসের বাড়ির কাছে বসিয়াছিলাম। সেই সময় ঐ ডোলাইপুর সাকিনের কাকি সেখ আমার চুরি যাওয়া কোট্‌টি গায় দিয়া আসিতে থাকায় আমার চুরি যাওয়া কোট্ চিনিয়া ধরি; কাকি সেখ কহে ঐ কোট্ তাহার ছোট ভাই গায় দিতে দিয়াছে, এই কোট্ কাহার তাহা জানে না। জামড়ে গ্রামের পুলিন ও বিপিন ঘোষের নিকট রাখিয়া টেঁপিদহ্ গ্রামের চৌকীদারকে ডাকিতে যাই তথায় জামড়ে গ্রামের বুধুই সেখ চৌকীদারকে ও টেঁপিদহ্ গ্রামের চিনি সেখ চৌকীদারকে পাইয়া ডাকিয়া আনি এবং কাকি সেখকে, মোকদ্দমা করিব না, দে ভাই আমার সাদা পিরানটি; তাহাতে ঐ কাকি সেখ চাল্‌তেতলার কড়ঙ্গ সাহা, ডোলাই পুরের নছুর মণ্ডল, এবাদ সেখ, ফকীর মাল্‌তে, হাজি মাল্‌তে প্রভৃতির সাক্ষাতে ঐ সাদা পিরানটি ঘর হইতে বাহির করিয়া দেয় তাহাতে ঐ কাকি সেখ, আমার নিম্নের তালিকার লিখিত ৸০ ৬ মূল্যের কোট্ পিরান চুরি করা জানিয়া চৌকীদার সহ ষ্টেশনে রাঃ কঃ কে সংবাদ দিয়া তাঁহার পত্র লইয়া আপনার নিকট আসিয়া এই এজাহার করিলাম। প্রতিবাদীর উপর দাবী ও তদন্তের প্রার্থনা করি; ঐ কোট মজলিসপুরের ব্রজেন্দ্র

নাথ চৌধুরী দিয়াছিল ও পিরানটী নাটনার কলিমদ্দিসেখ সেলাই করিয়া দিয়াছিল, ঐ মাল যে আমার তাহা ব্রজেন্দ্র চৌধুরী কলিমদ্দি খলিফা, কুঞ্জ দাস ও রাম গোপাল চৌধুরী চিনিবেক ॥

XIII.

A Charge of Burglary laid at a Police Station.

জেলা হরিপুর থানা আলমপুর

বাদী . . . রাম চন্দ্র সীংহ   সাং লতিভোঙ্গা

আসামী . .   অজ্ঞাত

দঃ বিঃ ৪৫৭ ধারা, সিঁদ চুরি

৯ নং মার্চ
১৮৯১ সাল

আমার নাম রাম চন্দ্র সীংহ পেঃ সেবক সীংহ পূর্ব্ববাস কলিকাতা, ভবানীপুর হাং বাস লতিভোঙ্গা মহল্লার চৌকীদার ভরস সেখ সহ পঞ্চাইতের এতেলা দাখিল করিয়া এজাহার করিতেছি যে গত রাত্রিতে আমার উত্তর দ্বারী ঘরের মধ্যে আপন পরিবার সহ শুইয়াছিলাম, রাত্রি ১ টার সময় ঘরের মাচার উপর হইতে চোর বাক্স নীচে নামান শব্দ শুনিয়া আমার পরিবারের ঘুম ভাঙ্গিয়া আমাকে জাগাইলে, ঘর তখন অন্ধকার ছিল,—১ টি লোক সিঁদ দিয়া বাহির হইয়া যায় ঐ লোকটিকে চিনিতে পারি নাই, বাহিরে আর কেহ ছিল কিনা বলিতে পারি না; আলো জ্বালিয়া দেখি আর একটি বাক্স

ঐ মাচায় ছিল, ঐ বাক্সের তালা খোলা, মধ্যস্থিত কাঁসার পানের বাটায় থাকা ও কাঁসার গেলাসে থাকা নগদ টাকা পয়সা সিকি দুয়ানি, ১০, টাকার হিসাবে ২ কেতা নোট, মাল আদি নিম্নের মাল চোরে চুরি করিয়া লইয়া গিয়াছে; লতি-ডোঙ্গার প্রহ্লাদ বিশ্বাসের সহিত আমার মনান্তর আছে, তাহার যোগাযোগে চুরি হইয়াছে। সোণার চিক আদি রূপার মল তাবিজ আদি চোরে নামান বাক্সে থাকায় লইতে পারে নাই। রত্রিতে চৌকীদার পাহারা দিয়া গেলে এই ঘটনা হইয়াছে, আমার এজাহার এই লেখা পড়া জানি না, এজাহার পাঠ করাইয়া শুনাইলে কহিল ঠিক লেখা আছে॥

XIV.

Petition of a Village Watchman.

মহামহিম জেলা হরিপুরের শ্রীল শ্রীযুক্ত মাজিষ্টার সাহেব
বাহাদুর প্রবল প্রতাপেষু

দরখাস্ত শ্রী হিরুলাল ঘোষ বরখাস্ত চৌকিদার সাং গোবিন্দপুর অধিনের নিবেদন এই যে আমি ইতি পূর্ব্বে চৌকিদারি কার্য্যে নিযুক্ত থাকিয়া বিশেষ সুখ্যাতির সহিত কার্য্য করিয়া আসিতেছিলাম। আমার অটল ঘোষ নামক একটী সহোদর ভ্রাতা আছে; দৈবাধীন সে এক জন দুষ্ট লোকের পরামর্শে মিলিয়া অদ্য প্রায় ৭ সাত বৎসর হইল একটী চুরি মোকদ্দমায় আশামী হইয়া ২ দুই বৎসর কয়েদ সাজা পায় তাহার পর এ পর্য্যন্ত সে আর কোন রূপ দুষ্কর্ম্মের কার্য্য করে নাই

ও তাহার সেই স্বভাব সংশোধন হইয়া গিয়াছে আমি বুঝিতে পারিতেছি। প্রায় ৪।৫ মাস অতীত হইল পূর্ব্বস্থিত শ্রীযুক্ত ডিঃ সুঃ সাহেব বাহাদুর এক সময়ে মোরখালী থানায় ইনস্পেকশন করিতে আসিয়া আমি উক্ত কয়েদ খালাশী অটল ঘোষের সহোদর ভ্রাতা জানিতে পারিয়া আমাকে চৌকিদারী কার্য্যে নিযুক্ত রাখা ভাল নহে বিবেচনা করিয়া মোরখালী থানায় শ্রীযুক্ত সব ইঃ বাবুকে আমাকে বরখাস্ত করার প্রার্থনার রিপোর্ট দিতে আদেশ করেন মোরখালীর পূর্ব্বস্থিত সব ইঃ বাবু লাল বিহারী রায় অধিনের বিরুদ্ধে বিপোর্ট করায় চৌকিদারী সেরেস্তার ভার প্রাপ্ত ডেপুটী মাজিঃ রায় বাহাদুর আমাকে চৌকিদারী কার্য্য হইতে ডিস্‌মিস্‌ করিয়াছেন। হুজুর আমি গরিব লোক চাকরিটী ছিল বলিয়া কোন রূপ প্রকারে দিন গুজরান করিয়া আসিতেছিলাম, হটাৎ চাকরিটী যাওয়ায় আমার বড় কষ্টে দিন গুজরান করিতে হইতেছে। এক্ষণে অন্য উপায় না দেখিয়া আমার উক্ত ভ্রাতার চরিত্র সংশোধন হওয়ার স্বত্বে ও অন্য হইতে আমি পৃথক হইয়া অন্য বাড়িতে বাস করিতেছি ও ঐ চাকরি পাইবার প্রার্থনায় প্রায় ১ মাস গত হইল মোরখালীর বর্ত্তমান সব ইঃ বাবুর নিকট এক দরখাস্ত করিয়াছি এ পর্য্যন্ত তাহার কোন হুকুম না পাওয়ায় হুজুরে অত্র দরখাস্ত দ্বারায় প্রার্থনা দয়া করিয়া গরিবকে চৌকিদারী দিয়া প্রতিপালন করার পক্ষে বিহিত আদেশ প্রদান আজ্ঞা হয় নিবেদন ইতি সন ১২৯৮ সাল তারিখ ১৬ কার্ত্তিক ॥

XV.

Petition of a Village Watchman.

মহামহিম মহিমাসাগর জেলা হরিপুরের শ্রীল শ্রীযুক্ত

পুলিষ সাহেব বাহাদুর মহিমার্ণবেষু

